

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০২৬.২০১৩. ৩৮৬

তারিখ : ২৮ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ।  
১১ মে, ২০১৭ খ্রিঃ।

বিষয় : কুমিল্লা জেলার তিতাস উপজেলার নারান্দিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব সালাহুদ্দিন আহমেদ এর বিরুদ্ধে কারণ দর্শানো নোটিশ।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা কার্যালয়ের স্মারক নং-১২৬, তারিখ : ০২/০২/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার তিতাস উপজেলার নারান্দিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব সালাহুদ্দিন আহমেদ এর বিরুদ্ধে গত ০২/০২/২০১৭ তারিখে বাল্য বিবাহ নিরোধ আইন, ১৯২৯ এর আওতায় তিতাস উপজেলার নারান্দিয়া ইউনিয়নের খলিলাবাদ গ্রামের জনাব মঈনু মিয়াব বাড়ীতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনার সময় দেখা যায় জনাব মঈনু মিয়াব বাড়ীতে বিয়ের সকল আয়োজন সম্পন্ন হয়েছে এবং বর ও বরযাত্রী উক্ত বাড়ীতে কাজীর অপেক্ষায় রয়েছে। মোবাইল কোর্ট কনে হাবিবা আক্তার এর জন্ম নিবন্ধন সনদ দেখতে চান। মোবাইল কোর্টকে প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ অনলাইনে অনুসন্ধান করে তার কোন অস্তিত্ব পাওয়া যায়নি। মোবাইল কোর্ট কর্তৃক ঘটনাস্থল থেকে বর ও তার পুরুষ আত্মীয়সজন এবং কনের পুরুষ আত্মীয় স্বজনকে গ্রেফতার করতে চাইলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব সালাহুদ্দিন আহমেদ বাধা দেন।

০২। তিনি প্রথমে জন্ম নিবন্ধন সনদটিকে সঠিক বলে দাবী করেন। জন্ম নিবন্ধন সনদটিতে কনে হাবিবা আক্তার এর জন্ম তারিখ ০৩/০৯/১৯৯৮ দেখানো হয়েছে। অনলাইনে জন্ম নিবন্ধন সনদ যাচাই করে এর অস্তিত্ব খুঁজে পাওয়া যায়নি, এ কথা ইউপি চেয়ারম্যানকে জানানোর পর তিনি ক্ষিপ্ত হয়ে মোবাইল কোর্ট পরিচালনাকারী উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লার সাথে অসৌজন্যমূলক আচরণ করেন। জাল জন্ম নিবন্ধন সনদটিকে সঠিক বলে দাবী করা এবং সরকারী কর্মচারীকে দায়িত্ব পালনে বাধা দেয়া শাস্তিযোগ্য অপরাধ, একথা ইউপি চেয়ারম্যানকে বলা হলেও আইনী কাজে দায়িত্বরত মোবাইল টীমকে হুমকী প্রদান করেন। ইউপি চেয়ারম্যানের এরূপ কর্মকাণ্ডের জন্য মোবাইলকোর্ট পরিচালনা করা সম্ভব হয়নি।

০৩। উল্লিখিত চেয়ারম্যানের এরূপ কার্যকলাপের জন্য স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৫) এর বিধান অনুযায়ী কেন তাকে নারান্দিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

জনাব সালাহুদ্দিন আহমেদ  
চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত)  
নারান্দিয়া ইউনিয়ন পরিষদ  
তিতাস, কুমিল্লা  
অনুলিপি :

- ০১। জেলা প্রশাসক, কুমিল্লা (উল্লিখিত সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক সদস্যের নিকট হতে জবাব সংগ্রহ করে তাঁর মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।